# জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মারক নং: ১৭(০১)জাতী:বি:/পিজিডি/এলআইএস/২০২৪-২৫/২৯৪৮ তারিখ : ২৬/০৫/২০২৪

## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে এনইউ অন-ক্যাম্পাস পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা (পিজিডি) ইন লাইব্রেরি এন্ড ইনফরমেশন সায়েন্স প্রোগ্রামে (৯ম ব্যাচ) ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে এক বছর মেয়াদী অন-ক্যাম্পাস পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা (পিজিডি) ইন লাইব্রেরি এন্ড ইনফরমেশন সায়েন্স প্রোগ্রামে শিক্ষার্থী ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। এ ভর্তি কার্যক্রমের অনলাইন প্রাথমিক আবেদন ০৬ জুন ২০২৪ সকাল ১০টা থেকে শুরু হয়ে ১৫ জুলাই ২০২৪ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আগ্রহী প্রার্থীদের অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে এবং অনলাইন গেটওয়ে (gateway) অথবা পে-স্লিপ ডাউনলোড করে প্রাথমিক আবেদন ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা ১৬ জুলাই ২০২৪ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। আবেদন ফরমের প্রিন্ট কপি অনলাইন থেকে ১৭ জুলাই ২০২৪ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে।

এ ভর্তি কার্যক্রমে আবেদনকারী প্রার্থীদের এসএসসি, এইচএসসি ও স্নাতক পর্যায়ের ফলাফল এবং মৌখিক পরীক্ষার ভিত্তিতে মেধা তালিকা প্রণয়ন করা হবে। এ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস ১৬ আগস্ট ২০২৪ তারিখ থেকে শুরু হবে।

ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) থেকে জানা যাবে।

**১। আবেদনের যোগ্যতা ও শর্তাবলী:**

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়/ইউজিসি স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় থেকে তিন বছর মেয়াদী স্নাতক (পাস)/স্নাতক (সম্মান)/চার বছর মেয়াদী স্নাতক (সম্মান)/সমমান ডিগ্রীধারী প্রার্থীগণ বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত নিয়ম ও শর্তানুযায়ী যোগ্য বিবেচিত হলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের **মূল**–ক্যাম্পাসে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন লাইব্রেরি এন্ড ইনফরমেশন সায়েন্স কোর্সে পূর্ণকালীন শিক্ষার্থী হিসাবে ভর্তি হতে পারবে। শিক্ষাজীবনে এসএসসি থেকে স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) ডিগ্রি পর্যন্ত সনাতন পদ্ধতিতে ন্যূনতম মোট ০৫ (পাঁচ) পয়েন্ট (প্রথম বিভাগ ৩ পয়েন্ট, দ্বিতীয় বিভাগ ২ পয়েন্ট এবং তৃতীয় বিভাগ ১ পয়েন্ট হিসেবে গণ্য হবে) অথবা গ্রেডিং পদ্ধতিতে ০৭ (সাত) পয়েন্ট থাকতে হবে।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয়/যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে অধ্যয়নরত কোন প্রার্থী এ প্রোগ্রামে ভর্তি হতে পারবে না। উক্ত শর্ত ভঙ্গ করে কোন প্রার্থী এ ভর্তি কার্যক্রমে অংশগ্রহণ করলে তার ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।

গ) আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ প্রমাণিত হলে তার ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

**২। অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও পে-স্লিপ ডাউনলোড:**

ক) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Master's Tab থেকে Apply Now (NU on Campus PGD in Library & Information Science) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে আবেদনকারীকে সতর্কতার সঙ্গে নিজের নাম, পিতা ও মাতার নাম, শিক্ষাগত যোগ্যতার সকল তথ্য, জন্ম তারিখ ও ব্যক্তিগত নিবন্ধিত মোবাইল নম্বর নির্ভুলভাবে এন্ট্রি দিতে হবে। **এছাড়াও আবেদনকারী প্রার্থীদের এসএসসি, এইচএসসি ও স্নাতক পরীক্ষার মার্কশীটের সত্যায়িত কপি স্ক্যান করে অনলাইন আবেদনে আপলোড করতে হবে।**

খ) ফরম পূরণের সময় আবেদনকারীর পাসপোর্ট আকারের সম্প্রতি তোলা রঙ্গিন ছবি Scan করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে 120x150 pixels, Image Type: jpg এবং maximum file size: 50Kb. আবেদনকারীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ প্রার্থীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

গ) কোন আবেদনকারী তার প্রাথমিক আবেদন ফরম বাতিল/ক্রটিপূর্ণ ছবি পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে Applicant Login অপশন সিলেক্ট করে PGD in Library and Information Science login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন কোড এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে Form Cancel/Photo Change Option এ গিয়ে Click to Generate the OTP অপশনটি ক্লিক করতে হবে। এ সময়ে আবেদনকারী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে One Time Password (OTP) পাবে। এই OTP এন্ট্রি দিয়ে আবেদনকারী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও ছবি আপলোড করতে পারবে।

ঘ) সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে ওয়েবসাইটে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রর্দশিত হবে এবং আবেদনকারীকে Download Pay Slip অপশন থেকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনলাইন গেটওয়ে (gateway) এর মাধ্যমে অথবা পে স্লিপ ডাউনলোড করে প্রাথমিক আবেদন ফি জমা দিতে হবে।

**৩। পে-স্লিপের মাধ্যমে ফি' জমা দিয়ে প্রাথমিক আবেদন ফরম ডাউনলোড:**

ক) পে-স্লিপ ডাউনলোড করে অথবা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনলাইন গেটওয়ে **(gateway)** এর মাধ্যমে প্রাথমিক আবেদন ফি জমা দেয়া হলে আবেদনকারীকে তার মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে প্রাথমিক আবেদন ফরম ডাউনলোড করার জন্য তথ্য দেয়া হবে। এ পর্যায়ে আবেদনকারীকে রোল নম্বর ও পিন ব্যবহার করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Applicant Login (PGD in Library & Information Science) অপশনে থেকে আবেদন ফরম ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।

খ) প্রাথমিক আবেদন ফরম ব্যতিত কোন আবেদনকারীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

**নিম্নের নির্দেশনাটি অনুসরণ করুন:**

**[অনলাইনে আবেদন করুন] → [পে-স্লিপ ডাউনলোড ও প্রিন্ট করুন অথবা অনলাইন গেটওয়ে ব্যবহার করুন] → [পে-স্লিপটি সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিন] → [পে-স্লিপ অথবা অনলাইন গেটওয়ে এর মাধ্যমে ফি পরিশোধের পর আবেদনকারীকে তা এসএমএস মাধ্যমে জানিয়ে দেয়া হবে এবং পরবর্তীতে আবেদনকারীকে Applicant Login** (PGD in Library & Information Science) **অপশনে থেকে প্রাথমিক আবেদন ফরম ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।]**

৪। মেধাক্রম প্রণয়নে নম্বর বন্টন পদ্ধতি:

| এসএসসি পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বর/জিপিএ | এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বর/জিপিএ | স্নাতক/সমমান পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বর/সিজিপিএ | মৌখিক পরীক্ষা | মোট নম্বর |
|---|---|---|---|---|
| ১০ | ১৫ | ২৫ | ৫০ | ১০০ |

**বি: দ্র: দুই বা ততোধিক আবেদনকারীর প্রাপ্ত মোট নম্বর একই হয় সেক্ষেত্রে যার বয়স কম হবে তাকে অগ্রাধিকার দিয়ে মেধাক্রম প্রণয়ন করা হবে।**

৫। প্রাথমিক আবেদন ও চূড়ান্ত ভর্তির সময়সূচি:

| ক্রমিক | বিবরণ | তারিখ |
|---|---|---|
| ক) | **অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণের তারিখ:** | ০৬/০৬/২০২৪ থেকে ১৫/০৭/২০২৪ |
| খ) | **প্রাথমিক আবেদন ফি জমা দেয়ার তারিখ:** | ১০/০৬/২০২৪ থেকে ১৬/০৭/২০২৪ |
| গ) | **প্রাথমিক আবেদন ফরমের প্রিন্ট কপি সংগ্রহের তারিখ:** | ১০/০৬/২০২৪ থেকে ১৭/০৭/২০২৪ |
| ঘ) | **মৌখিক পরীক্ষার স্থান ও তারিখ: স্থান: ১০২, ইসলাম টাওয়ার (৭ম তলা), শুক্রাবাদ, ঢাকা-১২০৭ সময়: সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত।** | ২৬/০৭/২০২৪ |
| ছ) | **চূড়ান্ত মেধা তালিকা প্রকাশের তারিখ: জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট/নোটিশ বোর্ড।** | ২৯/০৭/২০২৪ |
| জ) | **চূড়ান্ত মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনলাইন গেটওয়ে (Gateway) অথবা পে স্লিপ ডাউনলোড করে চূড়ান্ত ভর্তি ফি জমা দেয়ার তারিখ:** এক বছর মেয়াদী এ কোর্সের ফি সর্ব সাকুল্যে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা দুই কিস্তিতে গ্রহণ করা হবে। প্রথম কিস্তির ১২,৫০০/- (বার হাজার পাঁচশত) টাকা ভর্তির সময় জমা দিতে হবে। দ্বিতীয় কিস্তি ২য় সেমিস্টারের শুরুতে প্রদান করতে হবে। | ০১/০৮/২০২৪ থেকে ১৪/০৮/২০২৪ |
| ঝ) | **ক্লাস শুরুর তারিখ:** | ১৬/০৮/২০২৪ |

৬। **২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে এনইউ অন-ক্যাম্পাস পিজিডি ইন লাইব্রেরি এন্ড ইনফরমেশন সায়েন্স কোর্সে প্রাথমিক আবেদন ফি ও রেজিস্ট্রেশন ফিসের হার:**

ক) প্রাথমিক আবেদন ফি: ৫০০/- (পাঁচশত ) টাকা।
খ) কোর্স ফি: কোর্সের ফি সর্ব সাকুল্যে ২৫,০০০/- (পঁচিশ হাজার পাঁচশত) টাকা।

▶ **এই ভর্তি কার্যক্রমের যে কোন নিয়মাবলী/ধারা/উপধারা সংশোধন, সংযোজন, বিয়োজন, পরিবর্তন অথবা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।**

২৬/০৫/২৪

**(প্রফেসর ড. মোঃ নাসির উদ্দিন)**
প্রোগ্রাম কো-অর্ডিনেটর
অন-ক্যাম্পাস পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন লাইব্রেরি এন্ড ইনফরমেশন সায়েন্স
ও
ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্বাবদ্যালয়, বাংলাদেশ।
মোবাইল: ০১৭১৩০৯২৭৯২
ই-মেইল: mitulnasiruddin@gmail.com

স্মারক নং: ১৭(০১)জাতী:বি:/পিজিডি/এলআইএস/২০২৪-২৫/২৯৪৮ তারিখ : ২৬/০৫/২০২৪

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:
১. সকল ডিন, জাতীয় বিশ্ববিদ্যালয় ।
২. সকল বিভাগীয় প্রধান/দপ্তর প্রধান,জাতীয় বিশ্ববিদ্যালয় ।
৩. সকল চেয়ারম্যান, একাডেমিক কমিটি, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৪. পরিচালক, সকল আঞ্চলিক কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয় ।
৫. পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয়বিশ্ববিদ্যালয়। (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ ও অনলাইনে ভর্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৬. পরিচালক, জনসংযোগ,তথ্য ও পরামর্শ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়। (বিজ্ঞপ্তিটি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ ও টেলিভিশন চ্যানেলে স্ক্রল আকারে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৭. সচিব ও উপ-রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলরদপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৮. অফিস কপি।